‘আমাদের সিস্টেমই খারাপ, যে কারণে প্রশ্ন ফাঁস হয়েছে’

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ক্লাস্টারের পঞ্চম শ্রেণির অর্ধবার্ষিক মূল্যায়নের ইংরেজি প্রশ্নপত্র ফাঁস হয়েছে। প্রশ্নপত্র ফাঁসের বিষয়ে আমঝুপি ক্লাস্টারের দায়িত্বপ্রাপ্ত রঘুনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ জাহিদুল ইসলাম, প্রশ্ন কম্পোজকারী কোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোহাম্মদ আজাহার আলী ও ইংরেজি শিক্ষিকা শাহনাজ পারভীন জড়িত আছেন বলে অভিযোগ উঠেছে।

গত বৃহস্পতিবার কোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ক্লাস নেয়ার সময় শিক্ষকের বইয়ের মধ্য থেকে পরীক্ষার তিন দিন আগেই প্রশ্নপত্র ফাঁসের বিষয়টি নজরে আসে প্রধান শিক্ষক নাজমুল হকের। এ ঘটনায় পরীক্ষা স্থগিত করা হলেও উপজেলা শিক্ষা অফিসার বলেছেন সিস্টেম খারাপের কারণে প্রশ্নপত্র ফাঁস হয়। তবে প্রশ্ন ফাঁসের অভিযোগের কারো বিরুদ্ধে কোন ব্যবস্থা না নেওয়ায় সমালোচনা সৃষ্টি হয়েছে।

বিদ্যালয় সূত্রে জানা যায়, গত বুধবার কোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা (ইংরেজি) শাহনাজ পারভীন ছুটি নিলে বৃহস্পতিবারের ইংরেজি ক্লাস নিচ্ছিলেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নাজমুল হক। পাঠদানের সময় তিনি ইংরেজি বইয়ের মধ্যে প্রশ্নপত্রটি পান। বিষয়টি তিনি আমঝুপি ক্লাস্টারের সহকারী উপজেলা শিক্ষা অফিসার এস এম জয়নুল ইসলামকে অবগতি করেন।

এ বিষয়ে জয়নুল ইসলাম বলেন, বৃহস্পতিবার বেলা ১১টার দিকে মেহেরপুর সদরের চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রশ্ন কমিটিতে দায়িত্ব থাকা রঘুনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ জাহিদুল ইসলামের নিকট থেকে আমঝুপি ক্লাস্টারের ২৭টি বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ প্রশ্ন নিতে যান। ফাঁস হওয়া প্রশ্নের সঙ্গে বৃহস্পতিবার প্রেরিত প্রশ্নের হুবহু মিল রয়েছে।

জয়নুল ইসলাম আরও জানান, এ ঘটনায় পঞ্চম শ্রেণির ইংরেজি পরীক্ষা সাময়িক স্থগিত করা হয়েছে। তবে অভিযুক্ত প্রধান শিক্ষক জাহিদুল ইসলামের সাথে যোগাযোগ করা চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ

করেননি।

মেহেরপুর সদরের ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা কর্মকর্তা আশরাফুল আলম মেহেরপুর প্রতিদিনকে বলেন, আমাদের সিস্টেমই খারাপ, যে কারণেই প্রশ্ন ফাঁস হয়েছে। ক্লাস্টারের দায়িত্বরতরা মনে হয়ে ছেলে-পেলেদের হাতে আগে থেকে প্রশ্ন দিয়েছে, তারাই হয়তো ফাঁস করেছে। তবে ওই পরীক্ষা স্থগিত করা হয়েছে।

এদিকে, সংশ্লিষ্ট মহল শিক্ষাব্যবস্থাকে টিকিয়ে রাখার জন্য এবং এই অপরাধের সাথে যারা সম্পৃক্ত, সুষ্ঠু তদন্তের মাধ্যমে তাদেরকে বিচারের আওতায় আনার জন্য জোর দাবি জানিয়েছেন।

মেহেরপুরে সমসাময়িক প্রেক্ষাপট নিয়ে সিপিবির আলোচনা সভা

ছাত্র আন্দোলনে শহীদ ছাত্র এবং বন্যায় নিহত মানুষের জন্য শ্রদ্ধা জ্ঞাপনের মধ্য দিয়ে এবং দেশের সমসাময়িক প্রেক্ষাপটে দুঃশাসন হটাও, ব্যবস্থা বদলাও, বিকল্প গড়ো স্লোগানকে সামনে নিয়ে বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি) মেহেরপুর জেলা শাখার আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার (২৩ আগষ্ট) সকাল ১০ টার সময় মেহেরপুরের পুরাতন বাস স্ট্যান্ড এলাকায় বাংলাদেশের কমিউনিস্ট পার্টি, মেহেরপুর জেলা শাখার আয়োজিত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

শহিদুল ইসলাম কাননের সঞ্চালনা এবং শহিদুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় কেন্দ্রীয় প্রতিনিধি হিসেবে কমরেড ইদ্রিস আলী ও অতিথি হিসেবে কমরেড হাবিবি জহির উপস্থিত ছিলেন। এসময় উপস্থিত থেকে বক্তব্য রাখেন কমরেড মুসা করিম, সিদ্দিকুর রহমান, রফিক উদ্দিন, মাহমুদুল ইসলাম, উষা, পাভেল, এড: মিজানুর রহমান সহ নেতৃবৃন্দ।

মেহেরপুরে ইসলামী শিল্পী সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুরে হামদ, নাথ ও ইসলামী সংগীত শিল্পীদের নিয়ে শিল্পী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (২৩ আগস্ট) সকাল ১০ টার মেহেরপুরে ইসলামী সাহিত্য ও সংস্কৃতি চর্চা কেন্দ্রের হলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সাহিত্য সাংস্কৃতিক বিভাগ মেহেরপুর নামের একটি সংগঠন এই অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সংগঠনটি সভাপতি এম এ জব্বার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনটি প্রধান উপদেষ্টা বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার আমির মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডা. আব্দুস সালাম, জেলা জামাত ইসলামের সেক্রেটারি ইকবাল হোসাইন, পৌরসভার ৯ নং ওয়ার্ড কাউন্সিলর সোহেল রানা ডলার ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সাইক্লোন শিল্পী গোষ্ঠীর প্রতিষ্ঠাতা রাশেদ উসমান।

এ সময় বক্তারা বলেন অপসংস্কৃতিতে জড়িয়ে পড়া এ সমাজকে রক্ষা করতে হলে ইসলামী সংস্কৃতি চর্চা বৃদ্ধি করতে হবে। তারা আরো বলেন ইসলামিক সাংস্কৃতিক চর্চার মাধ্যমে বর্তমান সমাজকে পাশ্চাত্য সংস্কৃতির কালোথাবা থেকে রক্ষা করতে হবে।

অনুষ্ঠানে মেহেরপুর, গাংনী ও মুজিবনগর থানার শিল্পীর অংশগ্রহণ করেন এবং ইসলামী সংগীত পরিবেশন করেন।

মেহেরপুরে কম্পিউটার হোম,

ট্যুরস এন্ড ট্রাভেলসের শুভ উদ্বোধন

মেহেরপুর কম্পিউটার হোম, ট্যুরস এন্ড ট্রাভেলস এর শুভ উদ্বোধন করা হয়েছে। আজ শুক্রবার (২৩ আগস্ট) বিকেলে মেহেরপুর শহরের বড় বাজার আঃ গফুর টাওয়ার (২য় তলা), শাহজীপাড়া কাথুলী রোড মোড়ে ফিতা কেটে কম্পিউটার হোম, ট্যুরস এন্ড ট্রাভেলস এর শুভ উদ্বোধন করা হয়।

কম্পিউটার হোম, ট্যুরস এন্ড ট্রাভেলস স্বত্বাধিকারী মোঃ মোখলেছুর রহমান সভাপতিত্বে প্রতিষ্ঠানের উদ্বোধন করেন বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু।

এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে মোঃ টুটুল সবুজ আনজুমান আরা নাহিদ আবু সামা সিয়াম প্রমুখ উপস্থিত ছিলেন। পরে সেখানে দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সেবাসমূহের মধ্যয়ে, ইন্ডিয়া ভিসা, ওমরা হজ প্যাকেজ, ই -পাসপোর্ট ম্যান পাওয়ার বিমান ও ট্রেন টিকিট, টিন সার্টিফিকেট, পুলিশ ক্লিয়ারেন্স আবেদন, অল রাষ্ট্রের ভিসা চেক, বিভিন্ন রাষ্ট্রের ট্যুরিস্ট ভিসা সহ যাবতীয় অনলাইন সেবা প্রদান করা হয়। এছাড়াও এই সব যাবতীয় সেবা আপনি দেশ এবং দেশের বাইরে থেকে খুব সহজেই নিতে পারবেন ।

মুজিবনগরে জমিজমা সংক্রান্ত

বিরোধ: বাড়িতে ঢুকে অতর্কিত

হামলা আহত ২

মুজিবনগরে জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে প্রতিপক্ষের অতর্কিত হামলায় স্বামী-স্ত্রী আহত হয়েছে। আজ শুক্রবার ভোর বেলায় উপজেলার ভবেরপাড়া গ্রামের ইনসান আলীর বাড়িতে এ হামলার ঘটনা ঘটে। এ সময় ঘুমিয়ে থাকা ইনাসান আলীর মেয়ে আসমা খাতুন (২৬) ও তার জামায় রাকিব হাসান (৩৫) মারাত্মক জখম হন। তাদের চিৎকারে স্থানীয়রা ছুটে আসলে হামলাকারীরা পালিয়ে যায়। পরে আহতদের উদ্ধার করে প্রথমে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে প্রাথমিক চিকিৎসা শেষে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়।

মেহেরপুর জেনারেল হাসপাতাল সুত্রে জানা গেছে, আহত রাকিব হাসানের মাথায় ১৬ টি সেলাই হয়েছে। রাকিব হাসানের স্ত্রী আসমা খাতুনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেয়া হয়েছে।

আহত আসমা খাতুন জানান, দির্ঘদিন ধরে আমাদের দুপক্ষের মধ্যে জমিজমা সংক্রান্ত বিরোধ চলছিল। পরে গত বৃহস্পতিবার গ্রাম্য সালিসে বিষয়টি মিমাংসা হয় এবং আমাদের জমি পাওনা হয়। কিন্তু আজ শুক্রবার ভোর বেলায় ভবেরপাড়া গ্রামের মল্লিকের ছেলে মোতালেব,হেলাল নাতী মিনারুল, মোতালেব এর স্ত্রী শাহানারা মোতালেবের খালাতো বোন মিনুয়ারা ইনসান আলীর বাড়ির পকেট গেট ভেঙ্গে আচমকা বাড়িতে প্রবেশ করে আমাদের উপর দেশিয় অস্ত্র দিয়ে অতর্কিত হামলা চালায়। এ সময় বাড়িতে বেড়াতে আসা ইনসান আলীর জামায় রকিব হাসান এর মাথায় আঘাত করে আহত করে স্বর্নের চেইন,ঘরে থাকা আড়াই লাখ টাকা তারা নিয়ে যায়। আমাদের চিৎকারে আশে পাশের লোকজন এগিয়ে আসলে তারা পালিয়ে যায়। তানিয়ারা উদ্ধার করে আমাদের হাসপাতালে নিয়ে আসে।

এ বিষয়ে তারা মামলা করবেন বলে প্রতিবেদককে জানান, স্থানীয় কয়েকজন জানান, সালিসে মিমাংসা হওয়ার পরও মারামারির ঘটনা ঘটে। আমরা তাদের উদ্ধার করে হাসপাতালে পাঠাই।

এ ঘটনায় অভিযুক্ত মোতালেব জানান, আমরা তাদের কোন মারধর করিনি। কিভাবে মাথা ফাটলো আমি জানিনা। টাকাপয়সা কোন কিছুই নিইনি। সব অভিযোগ মিথ্যা। আমাদেরকে হেনেস্তা করার জন্য তারা এই মিথ্যার আশ্রয় নিচ্ছে।

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ সাইফুল আলম জানান, ঘটনাটি

আমি শুনেছি এখনো কোনো অভিযোগ পাইনি। অভিযোগ পেলে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরের যুবসমাজের বিজয় পথযাত্রা

শেখ হাসিনা পদত্যাগ করে দেশত্যাগের কারণে মেহেরপুরের যুবসমাজ বিজয় পথযাত্রার আয়োজন করে।

গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪ টার দিকে শহীদ শামসুজ্জোহা পার্কে থেকে শুরু হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

পথযাত্রায় তানভীর আহমেদ, গোলাম সাদাত, আবুল আল মামুন,মোনায়েম খান,এইজ এমন সায়েদ, মামুনূর রশিদ, রুবেল ইসলাম,রাহিমুল রনি প্রমুখ উপস্থিত ছিলেন।

ভারতের বাঁধ খুলে কৃত্রিম বন্যা সৃষ্টির প্রতিবাদে মেহেরপুরে বিক্ষোভ

ভারতের সঙ্গে বাংলাদেশের আন্তর্জাতিক নদীর পানির ন্যায্য হিস্যার দাবিতে এবং উদ্দেশ্যপ্রণোদিতভাবে ডুম্বুর ও গজলডোবা বাঁধ খুলে কৃত্রিম বন্যা সৃষ্টির প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছেন মেহেরপুরের সাধারণ শিক্ষার্থীরা।

আজ বৃহস্পতিবার (২২ আগষ্ট) বিকেল ৫ টার দিকে মেহেরপুর প্রেস

ক্লাবের সামনে এ বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। পরে মিছিল নিয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে শহীদ শামসুজ্জোহা পার্কে গিয়ে শেষ হয়।

সেখানে বক্তব্য দেন বিক্ষোভ মিছিলে অংশ নেওয়া কয়েকজন শিক্ষার্থী।

শিক্ষার্থীরা বলেন, ভারত সরকার অবৈধ বাদ দিয়ে বাংলাদেশকে কৃত্রিম বন্যায় ঠেলে দিয়েছে।

আন্তর্জাতিক বাঁধ নিয়মে কখনো বলা নাই যে মধ্যরাতে আকস্মিকভাবে কোনো বাঁধ খুলে দেওয়া হবে। বাঁধ খুলে দেওয়ার আগে বাংলাদেশকে একটা সতর্কতা জারি করতে হয়, ভারত সেটা করে নাই। এই সব অন্যায় অবিচারের বিরুদ্ধে বাংলাদেশের জনগণকে রুখে দাঁড়াতে হবে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় আহত যুবকের মৃত্যু

অবশেষে মৃত্যুর কাছে হেরে গেলো তাওহিদুল আমিন শশী (২৫)। সড়ক দুর্ঘটনার পর আজ বৃহস্পতিবার (২২ আগষ্ট) ভোরের দিকে চিকিৎসাধীন অবস্থায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে মারা যান তিনি।

নিহত শশী মেহেরপুর শহরের ঘোষপাড়া এলাকার মোঃ সেলিমের ছেলে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কনি মিয়া পারিবারিক সূত্রের বরাত দিয়ে এই তথ্য নিশ্চিত করেছেন।

গত ১৮ আগস্ট দিবাগত রাত ৮ মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসের সামনে মোটরসাইকেল দুর্ঘটনায় শশী মারাত্মক আহত হয়।

স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে যায়। ওই সময় তার অবস্থার অবনতি ঘটলে কর্তব্যরত চিকিৎসক তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

সেখানেই চিকিৎসাধিন অবস্থায় তার মৃত্যু হয়।

মুজিবনগরে উপজেলা ও পুলিশ প্রশাসনের গীর্জা ও বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন

দেশের বিরাজমান পরিস্থিতিতে মেহেরপুরের মুজিবনগর উপজেলার বিভিন্ন গীর্জা ও প্রতিষ্ঠান পরিদর্শন করেছেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম ও মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল আলম।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার দিকে তারা উপজেলার ভবেরপাড়া গীর্জা, এতিমখানা, বল্লভপুর গীর্জা, বল্লভপুর মিশন হাসপাতাল এবং এতিমখানা পরিদর্শন করেন।

এ সময় তারা ভবরপাড়া গীর্জার ফাদার আলবিনো সরকার, সিষ্টার মালোতি মালো এবং বল্লভপুর গীর্জার ফাদার রেভা: মৃত্যুঞ্জয় মন্ডল, হাসপাতালের এডমিন আলফ্রেড বিনিময় বিশ্বাস এবং সিস্টার জিলিয়ান এম রোজসহ কর্মকর্তাদের সাথে গীর্জার ও প্রতিষ্ঠানগুলোর বর্তমান অবস্থা এবং সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা করেন।

এ সময় মুজিবনগর নির্বাহী অফিসার তাদেরকে বলেন, দেশে বিরাজমান পরিস্থিতিতে কিছু স্বার্থান্বেষী মহল সংখ্যালঘুর ধোয়া তুলে দেশে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টির পায়তারা করছে। আপনারা এই সমস্ত প্রোপাগান্ডা বিশ্বাস করবেন না স্বাধীন বাংলাদেশ সংখ্যালঘু বলে কিছু নেই। আমাদের একটাই পরিচয় আমরা বাংলাদেশী। এই বাংলাদেশে সবার অধিকার সমান। আপনারা নিশ্চিত মনে থাকবেন আপনাদের পাশে আমরা আছি।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ বলেন, যারা সংখ্যালঘু ধোয়া তুলে দেশে অস্থিতিশীল পরিবেশ তৈরির চেষ্টা করছে তারা কখনোই এই দেশকে ভালোবাসে না। এই দেশে আমার যতটুকু অধিকার আপনাদের ততটুকু

অধিকার। এই বাংলাদেশে ধর্ম যার যার বাংলাদেশ সবার। সংখ্যালঘুর ধোয়া তুলে কেউ যদি পরিবেশ অস্থিতিশীল করতে চাই সে যেই হোক তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তিনি হুশিয়ারি দেন।

তিনি আরো বলেন, আপনারা নিশ্চিত মনে থাকবেন কারণ আপনারা বাংলাদেশের নাগরিক এই দেশের সন্তান আপনাদের উদ্যোগের কোন কারণ নেই।বাংলাদেশ পুলিশ বাহিনী আপনাদের পাশে আছে এবং থাকবে যে কোন প্রয়োজনে আপনারা আমার কাছে ফোন দিবেন সঙ্গে সঙ্গে আমার পুলিশ বাহিনী আপনাদের পাশে এসে দাঁড়াবে।

চাকরিচ্যুত বিডিআর সদস্যদের চাকরি পুনর্বহালের দাবিতে মেহেরপুরে মানববন্ধন

স্বৈরাচার হাসিনার প্রহসন মামলায় বিনা বিচারে ১৬ বছর আটক নিরপরাধ বিডিআর (বর্তমান বিজিবি) সদস্যদের মুক্তি চেয়ে এবং চাকরিচ্যুত বিজিবি জওয়ানদের চাকরিতে পুনর্বহালের দাবিতে মেহেরপুরে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার (২২ আগষ্ট) সকাল সাড়ে ১০ টার দিকে মেহেরপুর জেলা প্রশাসন কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।
মানববন্ধন কর্মসূচিতে চাকরিচ্যুত ও ক্ষতিগ্রস্ত বিডিআর সদস্য ছাড়াও তাদের পরিবার-পরিজন ও সন্তানরা অংশ নেন। পরে একটি বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

চাকরিচ্যুত বিডিআর সদস্যদের চাকরি পুনর্বহালের
দাবিতে মেহেরপুরে মানববন্ধন

মানববন্ধনে চাকরিচ্যুত ও ক্ষতিগ্রস্ত বিজিবি সদস্য ও তাদের পরিবারের লোকজন চাকরিচ্যুতদের চাকরি ফেরত দেওয়ার দাবি জানান।

সাবেক বিজিবি সিপাহী মোঃ গিয়াস উদ্দিনের নেতৃত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন, মোঃ শামসুদ্দিন, মোহাম্মদ জুল হোসেন, মোঃ বেদার উদ্দিন, মোঃ আলমগীর প্রমুখ।
এছাড়াও এসময় মোঃ রিয়াজ উদ্দিন, মোঃ হারুন অর রশিদ, মোঃ আফিরুল ইসলাম, মোঃ হাবিবুর রহমান, মোঃ নজরুল ইসলাম, মোঃ জাহিদুল ইসলাম, মোঃ আবুল কালাম আজাদ, মোঃ দিল্লাল হোসেন, মোঃ আব্দুল হান্নান, মোঃ ওয়াহিদুল জামান, মোঃ আশিকুজ্জামান, মোঃ আলতাব হোসেন উপস্থিত ছিলেন।
মানববন্ধনে বক্তারা বলেন, ২০০৯ সালে পিলখানায় ইতিহাসের বর্বরোচিত এই নারকীয় হত্যাকাণ্ড দেশের গণ্ডি পেরিয়ে আন্তর্জাতিক অঙ্গনে আলোড়ন সৃষ্টি করে। তৎকালীন খুনি হাসিনার চক্রান্তে এবং ভারতী “র” বাহিনী দ্বারা ঘটিয়ে পিতার হত্যার প্রতিশোধ নিয়েছিলো। তার প্রতিদানে পিলখানা সহ সকল ইউনিট সমূহে অবৈধ আদালত স্থাপন করে এবং সেই আদালতে ছিলোনা আমাদের বাক স্বাধীনতা, কোন আইন-জীবি নিয়োগ দেওয়াও নিষেধ ছিলো এমনকি যিনি বিচারক তিনিই ছিলেন শাস্তি দাতা, যা পৃথিবীর কোন দেশেও হয়তো এমন নিয়ম নেই। আমরা অত্যন্ত অসহায় হয়ে পড়েছি। যার পরিপ্রেক্ষিতে ১৮ হাজার বিজিব সদস্য ও তার পরিবার আজও অসহায় জীবনযাপন করছেন।
তারা আরও বলেন, পিলখানার ঘটনার পুনঃতদন্ত করে সঠিক বিচার করতে হবে। সেই সঙ্গে যেসব নিরপরাধ জওয়ানরা চাকরি হারিয়েছে তাদের

পুনর্বহাল করতে হবে।